

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো কর্মসূচি
পল্লী ভবন, ৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৯৬৬.১৮.১৬৭.২২-৬৯৫

তারিখ: ৩০ সেপ্টেম্বর, ২০২৬

বিষয়: জনাব মোঃ সাইদুর রহমান, মাঠ সংগঠক, ইরেসপো, বাউফল, পটুয়াখালী (অপসারণকৃত) কর্তৃক আত্মসাতকৃত অর্থ আদায়ের আইনগত ব্যবস্থা গ্রহণ।

সূত্র ১: স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.১৮.১৬৭.২২-১৭১ তারিখ: ২৮/০৪/২০২৫

সূত্র ২: স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.১৮.১৬৭.২২-১৭০ তারিখ: ২৮/০৪/২০২৫

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব সাইদুর রহমান, মাঠ সংগঠক, বাউফল, পটুয়াখালী (পলাতক) তার ব্লকভূক্ত সমিতি হতে ঋণ ও সঞ্চয় বাবদ সর্বমোট ২,৫৯,৬৪০/- (দুই লক্ষ উনষাট হাজার ছয়শত চল্লিশ) টাকা আত্মসাৎ করে চাকুরী হতে পলায়ন করায় ১ নং সূত্রোক্ত স্মারক মূলে কর্মসূচি'র চুক্তিভিত্তিক নিয়োগ হতে অপসারণ করা হয়। এছাড়া ৩০০ (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে স্বাক্ষরিত জামিনদার মিজ মোছা: আছমা-কে আত্মসাতকৃত ২,৫৯,৬৪০/- (দুই লক্ষ উনষাট হাজার ছয়শত চল্লিশ) টাকা পরিশোধের জন্য ২ নং সূত্রোক্ত স্মারক মূলে অনুরোধ করা হলেও তিনি অদ্যাবদি পরিশোধ করেননি। এমতাবস্থায়, আত্মসাতকৃত ২,৫৯,৬৪০/- (দুই লক্ষ উনষাট হাজার ছয়শত চল্লিশ) টাকা আদায়ের লক্ষ্যে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বাদী হয়ে জনাব সাইদুর রহমান ও তাঁর জামিনদার মিজ মোছা: আছমা এর বিরুদ্ধে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষের নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক


উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
বিআরডিবি, বাউফল, পটুয়াখালী

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৯৬৬.১৮.১৬৭.২২-৬৯৫

তারিখ: ৩০ সেপ্টেম্বর, ২০২৬

সদয় জ্ঞাতার্থে:

১. উপপরিচালক, বিআরডিবি, পটুয়াখালী (বিষয়টি তদারকির অনুরোধসহ);
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা;
৩. পরিচালক (প্রশাসন/সরেজমিন/পরিকল্পনা) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা;
৪. জনাব মোঃ সাইদুর রহমান, মাঠ সংগঠক, ইরেসপো, বাউফল, পটুয়াখালী (অপসারণকৃত);
(স্থায়ী ঠিকানা: পিতা: মোঃ ইউসুফ প্যাদা, গ্রাম: কুড়িপাইকা ডাকঘর: কুড়িপাইকা, উপজেলা: পটুয়াখালী সদর, জেলা: পটুয়াখালী)
৫. মিজ মোছা: আছমা, পিতা: মোঃ ইউসুফ প্যাদা, গ্রাম: কুড়িপাইকা ডাকঘর: কুড়িপাইকা, উপজেলা: পটুয়াখালী সদর, জেলা: পটুয়াখালী
৬. অফিস নথি।


এএস এম সোলায়মান
উপ প্রকল্প পরিচালক